জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.janatabank-bd.com

আইসিটিডি-সিস্টেম
ফোন- ৯৫৫৩৩৩৬

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৮০৪/১৮

তারিখঃ **০৭ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ**
২৩ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/ এরিয়া অফিস/ সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ "JBOne" Core Framework প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/শাখাসমূহে বাস্তবায়ন (চালুকরণ) প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্তমানে অত্র ব্যাংকের প্রধান কার্যালয়সহ বিভিন্ন কন্ট্রোলিং অফিস এবং শাখাসমূহে ব্যাংকের নিজস্ব প্রোগ্রামারগণ কর্তৃক উন্নয়নকৃত ৬৩ টি সফটওয়্যার চালু রয়েছে এবং ব্যাংকের বিভিন্ন ডিপার্টমেন্টের চাহিদা অনুযায়ী নতুন নতুন সফটওয়্যার ডেভলপ করা হচ্ছে। এত অধিক সংখ্যক সফটওয়্যারে আলাদা ভাবে ইউজার ম্যানেজমেন্ট, এডমিনিস্ট্রেটিভ সেটআপ থাকায় সফটওয়্যারসমূহ ব্যবহারকারী এবং ডেভলপার উভয়ের জন্যই ব্যবহার ও ব্যবস্থাপনা সময় সাপেক্ষ্য ও কষ্টসাধ্য। তাছাড়া পূর্ববর্তী অধিকাংশ সফটওয়্যার ওয়েব বেইজড না হওয়ায় এবং আইসিটি পলিসির সবগুলো স্ট্যান্ডার্ড মেনে ডেভলপ না করায় বিভিন্ন রকমের জাল জালিয়াতির ঝুঁকি দিন দিন বৃদ্ধি পাচ্ছে, ডাটাবেইজ সিকিউরিটিসহ ডাটা ব্যাকআপ রাখার জটিলতা তৈরি হচ্ছে, সাপোর্ট এর ক্ষেত্রে অধিক ম্যানপাওয়ার ব্যবহৃত হচ্ছে এবং সার্বিক খরচ বৃদ্ধি পাচ্ছে।এই প্রেক্ষিতে উল্লেখিত সমস্যাসমূহ নিরসনের লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র ডিপার্টমেন্ট কর্তৃক JBOne নামে একটি Central Server based Core Framework ডেভলপ করা হয়েছে যার আওতায় সকল সফটওয়্যারসমূহ পর্যায়ক্রমে মডিউল আকারে স্বল্প সময়ে ডেভলপ করে বাস্তবায়ন করা হবে।

এমতাবস্থায় নিম্নোক্ত কার্যাবলী অনুসরণ পূর্বক উক্ত 'JBOne' Framework টি প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/শাখাসমূহে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হলঃ

১। উক্ত framework টি jbone.janatabank-bd.com লিঙ্কে পাওয়া যাবে।

২। আইডি ও পাসওয়ার্ড

JBOne সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে ইউজারের Bank ID ইউজার আইডি হিসাবে ব্যবহৃত হবে এবং এই ইউজার আইডি ইউজারের অত্র ব্যাংকে চাকুরীকালীন সময় পর্যন্ত ব্যবহার করা যাবে।

২.১। ম্যানেজার আইডি ও পাসওয়ার্ড

jbone.janatabank-bd.com লিঙ্কে ম্যানেজার রেজিস্ট্রেশন ফর্ম পাওয়া যাবে। উক্ত ফর্ম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে পূরণকৃত ফর্মটি স্ক্যান করে jbone@janatabank-bd.com এ ইমেইল করতে হবে এবং হার্ডকপি আইসিটি-সিস্টেম ডিপার্টমেন্ট বরাবর প্রেরণ করতে হবে। আইসিটি-সিস্টেম ডিপার্টমেন্টের JBOne এর এডমিন ইউজার কর্তৃক রেজিস্ট্রেশন ফর্মটি যাচাইবাছাই করে ম্যানেজার আইডি ও পাসওয়ার্ড ক্রিয়েট করা হবে।পাসওয়ার্ড স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে ইউজারের মোবাইলে চলে যাবে এবং এই আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করা যাবে।

২.২। জেনারেল ইউজার আইডি ও পাসওয়ার্ড

ম্যানেজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে JBOne এ লগইন করে প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/শাখার জন্য জেনেরাল ইউজার ক্রিয়েট করার জন্য Administrator->User Creation Request লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে। JBOne এর এডমিন ইউজার Administrator->User Creation Approval লিঙ্কে গিয়ে Approve করার পর ইউজার ক্রিয়েট হবে এবং পাসওয়ার্ড স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে ইউজারের মোবাইলে চলে যাবে এবং এই আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করা যাবে। উল্লেখ্য ম্যানেজার কর্তৃক জেনারেল ইউজার ক্রিয়েট রিকুয়েস্ট পাঠানোর সময় মডিউল ও মেনু Permission দেয়া যাবে।

৩। মডিউল ও মেনু পারমিশন পরিবর্তন

জেনারেল ইউজার এর জন্য মডিউল ও মেনু Permission পরিবর্তন করতে হলে ম্যানেজার আইডি দিয়ে login করে Administrator->Change Permissions লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে। JBOne এর এডমিন ইউজার Administrator->Permission Change Approval লিঙ্কে গিয়ে Approve করার পর মডিউল ও মেনু Permission পরিবর্তন কার্যকর হবে।

৪। ট্রান্সফার-জয়েনিং

৪.১। জয়েনিং

প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/শাখায় JBOne ব্যবহারকারী ইউজার জয়েন করলে এবং উক্ত ইউজারকে JBOne এর মডিউল ও মেনু এক্সেস দিতে হলে ম্যানেজার আইডি দিয়ে login করে Administrator->Joining Request লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে। JBOne এর এডমিন ইউজার Administrator->Joining Request Approval লিঙ্কে গিয়ে Approve করার পর উক্ত ইউজারের জন্য মডিউল ও মেনু এক্সেস কার্যকর হবে।

৪.২। ট্রান্সফার

প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/শাখা হতে JBOne ব্যবহারকারী ইউজার ট্রান্সফার হলে ম্যানেজার আইডি দিয়ে login করে Administrator->Transfer Request লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে। JBOne এর এডমিন ইউজার Administrator->Transfer Request Approval লিঙ্কে গিয়ে Approve করার পর উক্ত ইউজার JBOne এ লগইন করতে পারবে না। উক্ত ইউজার অন্য প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/শাখায় জয়েন করলে এবং তাকে JBOne এর মডিউল ও মেনু এক্সেস নিতে হলে ম্যানেজার আইডি দিয়ে login করে Administrator->Joining Request লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে।

৫। পাসওয়ার্ড রিসেট

কোন ইউজার পাসওয়ার্ড ভুলে গেলে Administrator->Password Reset Request লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে। JBOne এর এডমিন ইউজার Administrator->Password Reset Approval লিঙ্কে গিয়ে Approve করার পর পাসওয়ার্ড স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে উক্ত ইউজারের মোবাইলে চলে যাবে এবং এই পাসওয়ার্ড দিয়ে লগইন করা যাবে।

৬। ইউজার এনাবল-ডিজাবল

৬.১। ইউজার এনাবল

ডিজাবলকৃত কোন ইউজার এনাবল করতে হলে ম্যানেজার আইডি দিয়ে login করে Administrator->User Enable Request লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে। JBOne এর এডমিন ইউজার Administrator->User Enable Approval লিঙ্কে গিয়ে Approve করার পর উক্ত ইউজার এনাবল হবে এবং JBOne এ লগইন করা যাবে।

৬.২। ডিজাবল ইউজার

কোন এনাবল ইউজার ডিজাবল করতে হলে ম্যানেজার আইডি দিয়ে login করে Administrator->User Disable Request লিঙ্কে গিয়ে রিকুয়েস্ট পাঠাতে হবে। JBOne এর এডমিন ইউজার

Administrator->User Disable Approval লিঙ্কে গিয়ে Approve করার পর উক্ত ইউজার ডিজাবল হয়ে যাবে এবং ডিজাবলড ইউজার JBOne এ লগইন করতে পারবে না।

৭। Report Menu থেকে প্রয়োজনীয় সব রিপোর্ট পাওয়া যাবে।

৮। JBOne এর আওতায় Departmental Control Function Check List(DCFCL) এবং Loan Security Information System(LSIS) সফটওয়্যার দুটি মডিউল আকারে যুক্ত করা হয়েছে। JBOne এবং JBOne এর আওতায় ডেভলপকৃত সফটওয়্যারগুলি ব্যবহারের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের আইসিটিডি-সিস্টেম কতৃক প্রকাশিত User Manual অনুসরনের পরামর্শ প্রদান করা হলো। প্রয়োজনীয় 'User Manual' JBOne এর Download লিঙ্কে পাওয়া যাবে।

এতদসংক্রান্ত বিষয়ে প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে আইসিটিডি-সিস্টেম(ইন হাউজ সফটওয়্যার ডেভেলপমেন্ট সেল), জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে যোগাযোগ করতে হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(শেখ মোঃ জামিনুর রহমান)
মহাব্যবস্থাপক